

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
আইসিটি শাখা

বিজ্ঞপ্তি

নং - ১৯.০০.০০০০.১৭৬.০৭.০৪৩.২০/৪২

তারিখঃ ২৬ জুলাই, ২০২০

বিষয়ঃ ২০২০-২১ অর্থ বছরে পররাষ্ট্র মন্ত্রণালয়ের আইসিটি অনুবিভাগের অধীনে ঠিকাদার তালিকাভুক্তকরণ

পররাষ্ট্র মন্ত্রণালয়ের আইসিটি ও নিরাপত্তা অনুবিভাগ চাহিদা অনুযায়ী কম্পিউটার সামগ্রী, ইলেকট্রনিক সামগ্রী ও সফটওয়্যার সামগ্রী ক্রয় করে থাকে। মন্ত্রণালয় উল্লিখিত সামগ্রী সমূহ সরাসরি ক্রয় করতে পারে না বিধায় ঠিকাদার ও সরবরাহকারীদের মাধ্যমে ক্রয় করে থাকে। এ প্রেক্ষাপটে ২০২০-২১ অর্থ বছরের জন্য পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর তফসিল ২ এর ধারা ৫২/৩/৬ অনুযায়ী আইসিটি অনুবিভাগের অধীনে ঠিকাদার ও সরবরাহকারী তালিকাভুক্ত করা হবে। আগ্রহী ঠিকাদার ও সরবরাহকারীদের প্রয়োজনীয় কাগজপত্র ও ৫০০০/= টাকাসহ (ধারা ৫২/৩/৬ মোতাবেক) পরিচালক (আইসিটি) বরাবর আগামী ১৭/০৮/২০২০ তারিখের মধ্যে আবেদন করার জন্য আহ্বান করা যাচ্ছে।

প্রয়োজনীয় কাগজপত্রঃ

- ০১। আবেদন পত্র
- ০২। ট্রেড লাইসেন্স
- ০৩। TIN সার্টিফিকেট
- ০৪। VAT সার্টিফিকেট
- ০৫। জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি
- ০৬। পাসপোর্ট সাইজ ছবি (১ কপি)
- ০৭। আর্থিক স্বচ্ছলতা সনদ (ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট)

(ফুয়াদ হাসান পরাগ)
সহকারী সচিব (আইসিটি)

অনুলিপিঃ সদয় অবগতির জন্য

- ০১। অতিরিক্ত পররাষ্ট্র সচিব (আন্তঃ বাণিজ্য, বিনিয়োগ ও আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়
- ০২। মহাপরিচালক (প্রশাসন), পররাষ্ট্র মন্ত্রণালয়
- ০৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পররাষ্ট্র বিষয়ক, সেগুন বাগিচা, ঢাকা
- ০৪। পরিচালক (আইসিটি/সাধারণ সেবা), পররাষ্ট্র মন্ত্রণালয়
- ০৫। সহকারী সচিব (আইসিটি/বাজেট/তহবিল/একাউন্টস), পররাষ্ট্র মন্ত্রণালয়
- ০৬। সভাপতি, পররাষ্ট্র মন্ত্রণালয় ঠিকাদার সমিতি/নোটিস বোর্ড/মন্ত্রণালয়ের ওয়েব সাইট/অফিস কপি

বিঃদ্রঃ আবেদনপত্র কক্ষ নং এম-৩০৭ -এ জমা নেয়া হবে।